# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 29 April, 2025

গাজীপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য এবং সাবেক মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হকের বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন ও অর্থ পাচারের অভিযোগে মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।আজ মঙ্গলবার দুদকের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১-এ মামলাটি দায়ের করা হয়।

দুদকের প্রধান কার্যালয়ে আয়োজিত নিয়মিত মিডিয়া ব্রিফিংয়ে এ তথ্য জানান দুদকের মহাপরিচালক মো. আক্তার হোসেন।তিনি জানান, মন্ত্রী হিসেবে দায়িত্ব পালনকালে মোজাম্মেল হক ক্ষমতার অপব্যবহার করে অবৈধভাবে ১০ কোটি ৩৪ লাখ ৫৭ হাজার ৪২৭ টাকা মূল্যের জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন করেছেন।

তাঁর নামে খোলা তিনটি ব্যাংক হিসাবের মাধ্যমে মোট ৮ কোটি ৩২ লাখ ৭৪ হাজার ১১৪ টাকার সন্দেহজনক লেনদেন হয়েছে বলেও জানান দুদক মহাপরিচালক।

মামলার এজাহারে উল্লেখ করা হয়, মোজাম্মেল হক অবৈধভাবে অর্জিত সম্পদ হস্তান্তর, স্থানান্তর ও রূপান্তরের মাধ্যমে অর্থপাচার করেছেন। তাঁর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২৭(১) ধারা, মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এর ৪(২) ও ৪(৩) ধারা এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এর ৫(২) ধারায় মামলা দায়ের করা হয়েছে।

দুদক সংসদ সদস্য মন্ত্রী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:47

URL: https://www.timestodaybd.com/public/national/1620775807